



## নরসিংদীতে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ নারী নিহত



সংগৃহীত ছবি

নরসিংদী সদর উপজেলার আলোকবালী এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে আবারও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে গুলিবিদ্ধ হয়ে ফেরদৌসী আক্তার নামে এক নারী নিহত হয়েছেন। এর আগের দিনও একই এলাকায় সংঘর্ষে একজন প্রাণ হারান। নরসিংদী সদর উপজেলার আলোকবালীর চরে শুক্রবার (১৯ সেপ্টেম্বর) দুপুরে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এতে গুলিবিদ্ধ হয়ে ফেরদৌসী আক্তার নামে এক নারী নিহত হন।

স্থানীয় সূত্রে জানা যায়, আলোকবালী ইউনিয়ন বিএনপির আহ্বায়ক শাহ আলম চৌধুরী ও বহিষ্কৃত সদস্য সচিব আব্দুল কাইয়ুম মিয়াদ গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলছিল। বৃহস্পতিবারের সংঘর্ষে ইদন মিয়া নামে একজন নিহত হওয়ার পর উত্তেজনা আরও বেড়ে যায়। এরই জেরে শুক্রবার উভয়পক্ষ পুনরায় সংঘর্ষে জড়িয়ে পড়ে। একপর্যায়ে এলোপাতাড়ি গুলি ছোড়া হলে ফেরদৌসী আক্তার প্রাণ হারান।

অভিযোগ উঠেছে, এলাকায় আধিপত্য কায়েমের জন্য উভয় গ্রুপই নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের নিজেদের দলে ভিড়িয়েছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে অতিরিক্ত পুলিশ সুপার সাজন চন্দ্র সরকার বলেন, এলাকায় বর্তমানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হচ্ছে।